

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-পরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
মশরপুর, নওগাঁ।

স্মারক নং- যুউঅ/নওগাঁ/অবশিষ্ট/ জেলায়/প্রশিক্ষণ- ২৫২/২০০৬-১৯০

তারিখ: ১৭/০৬/২০২২খ্রিঃ


**ইলেকট্রিক্যাল, ইলেকট্রিনিয়ু এবং রেফ্রিজারেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

যুব উন্নয়ন অধিদপ্তরধীন নওগাঁ জেলাধীন ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং ও ইলেকট্রিনিয়ু এবং রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং বিষয়ে বেকার যুবদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতাবৃদ্ধিমূলক, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে নিম্নবর্ণিত ৬ মাস মেয়াদী কোর্স সমূহে ভর্তির জন্য নওগাঁ জেলার ১৮ হতে ৩৫ বৎসর বয়সী যুবক এবং যুব মহিলাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	কোর্সের নাম/তথ্য জানতে হট লাইন	শিক্ষাগত যোগ্যতা	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	মৌখিক পরীক্ষার তারিখ	ভর্তির তারিখ
০১।	ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং ০১৭৫৯-৭০১৫৪৪	অষ্টম শ্রেণী (ন্যূনতম)	২৮/০৬/২০২২খ্রিঃ	২৯/০৬/২০২২খ্রিঃ	৩০/০৬/২০২২খ্রিঃ
০২।	ইলেকট্রিনিয়ু ০১৭১৯-৭০৭৫২৭	এসএসসি (ন্যূনতম)	২৮/০৬/২০২২খ্রিঃ	২৯/০৬/২০২২খ্রিঃ	৩০/০৬/২০২২খ্রিঃ
০৩।	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং ০১৭৭৪-৪৩৬৪৩৭	এসএসসি (ন্যূনতম)	২৮/০৬/২০২২খ্রিঃ	২৯/০৬/২০২২খ্রিঃ	৩০/০৬/২০২২খ্রিঃ

**ভর্তি সংক্রান্ত তথ্যাবলি:-**

- আবেদন পত্রে : ক) নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা, চ) শিক্ষাগত যোগ্যতা ছ) জাতীয়তা জ) জন্ম তারিখ বা) প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগানোর নিশ্চয়তা উল্লেখ পূর্বক উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁকে সম্বোধন করে স্বহস্তে লিখিত আবেদন পত্র সরাসরি জেলা কার্যালয়ে/উপজেলা কার্যালয়ে/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- আবেদন পত্রের সাথে : ক) দুই কপি পাস পোর্ট সাইজের সত্যায়িত ছবি খ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত কপি গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার কমিশনার প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।
- প্রশিক্ষণ কোর্সটি উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মশরপুর, নওগাঁয় পরিচালনা করা হবে।
- ভর্তির ব্যাপারে বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- নির্বাচিত প্রার্থীদের ক্রমিক নং জেলা কার্যালয়ে নোটিস বোর্ডে তালিকার মাধ্যমে জানানো হবে।
- প্রতি ট্রেডে ভর্তির সময় কোর্স ফি বাবদ অফেরতযোগ্য = ৩০০/- (তিনশত মাত্র) টাকা জমা দিতে হবে।
- ভর্তিকৃত প্রশিক্ষণার্থী ক্লাসে পর পর ০৩(তিন) দিন অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রতি কর্মদিবসের জন্য প্রশিক্ষণার্থীদের ১০০/- করে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক পরে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- প্রশিক্ষণ শেষে দেশে-বিদেশে কর্মসংস্থানের জন্য সর্বাধিক সহযোগিতা করা হবে।


  
মুঃ জাবেদ ইকবাল  
উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

স্মারক নং- যুউঅ/নওগাঁ/অবশিষ্ট/ জেলায়/প্রশিক্ষণ- ২৫২/২০০৬- ১৯০

তারিখ: ১৭/০৬/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- পরিচালক(প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল).....।
- অফিস কপি/গার্ড ফাইল।

  
মুঃ জাবেদ ইকবাল  
উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।